



স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডন সফরে যাচ্ছেন রাষ্ট্রপতি সাহাবুদ্দিন



রাষ্ট্রপতি সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসার জন্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন আগামী ৯ মে লন্ডনের উদ্দেশে দেশ ছাড়বেন। নির্ভরযোগ্য সূত্র জানায়, সফরে তার সঙ্গে থাকবেন সহধর্মিণী ডা. রেবেকা সুলতানা এবং ছোট একটি প্রতিনিধিদল, যেখানে ব্যক্তিগত চিকিৎসকও থাকবেন। সবকিছু ঠিক থাকলে ১৭ মে নাগাদ তার দেশে ফেরার কথা রয়েছে।

জানা গেছে, লন্ডনের একটি বিশেষায়িত হাসপাতালে তার চিকিৎসা ও পরীক্ষা সম্পন্ন হবে। প্রায় দুই বছর পর চিকিৎসার জন্য বিদেশ যাচ্ছেন তিনি এবং এই সফর সম্পূর্ণ স্বাস্থ্যসংক্রান্ত—এতে কোনো রাজনৈতিক কর্মসূচি নেই।

রাষ্ট্রপতি ২০২৩ সালে হৃদরোগজনিত কারণে বাইপাস সার্জারি করান। এরপর নিয়মিত চেকআপের প্রয়োজন থাকলেও নানা কারণে তা বিলম্বিত হয়। সংশ্লিষ্টরা বলছেন, উন্নত কিছু পরীক্ষা-নিরীক্ষার জন্য বিদেশে যাওয়াই প্রয়োজন হয়ে পড়ে।

সূত্র মতে, আগের রাজনৈতিক পরিস্থিতির কারণে তার বিদেশে চিকিৎসা নেওয়া পিছিয়ে যায়। তবে বর্তমান প্রেক্ষাপটে প্রয়োজনীয় অনুমোদন ও প্রস্তুতি সম্পন্ন হওয়ায় এবার সফরটি বাস্তবায়ন হচ্ছে।

রাষ্ট্রপতির এই সফরকে তার নিয়মিত স্বাস্থ্য ব্যবস্থাপনার অংশ হিসেবে দেখা হচ্ছে। তার অনুপস্থিতিতে সাংবিধানিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হবে বলেও সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।